তারিখ 17 MAY 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৬

সংবাদ

# জাতীয় বাজেটে ১৬ শতাংশ শিক্ষা খাতে বরাদ্দের প্রস্তাব

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

জাতীয় বাজেটে ১৬ শতাংশ শিক্ষা খাতে বরাদ্দের প্রস্তাব করেছে শিক্ষা বাঁচাও আন্দোলন নামের একটি সংগঠন। গতকাল দুপুরে এ দাবিতে অর্থ মন্ত্রণালয়ে একটি স্মারকলিপি প্রদান করেছে সংগঠনটি। এর আগে সকালে এ দাবিতে শাহবাগে জাতীয় জাদুঘরের সামনে সমাবেশ করে সংগঠনের নেতাকর্মীরা।

সমাবেশে বক্তারা বলেন, দেশে দক্ষ

খাতে : পৃষ্ঠা : ২ ক : ৬

## খাতে : বরাদ্দের প্রস্তাব

(১৬ পৃষ্ঠার পর)

মানবসম্পদ গড়তে এবং সামাজিক অবস্থার কাঙ্ক্ষিত পরিবর্তন করতে সরকারকে আগামী জাতীয় বাজেটের ১৬ ভাগ শিক্ষা খাতে বরাদ্দের পর সামনের বাজেটগুলোতে ক্রমান্বয়ে শিক্ষা খাতের বাজেট ২০ শতাংশ এবং ২৫ শতাংশ করারও দাবি জানান।

অধ্যাপক এএম রাশেদার সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন– ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এমএম আকাশ, বাংলাদেশ ছাত্র ইউনিয়নের সভাপতি লাকী আক্তার, উদীচীর কেন্দ্রীয় কমিটির সহ-সাধারণ সম্পাদক জামশেদ আনোয়ার তপন, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অভিনু কিবরিয়া ইসলাম প্রমুখ।

সমাবেশ শেষে সংগঠনের সদস্যরা স্মারকলিপি প্রদানের উদ্দেশ্যে একটি মিছিল নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দোয়েল চত্বর পৌঁছলে পুলিশি বাধার মুখে পড়ে। পরে ছাত্র ইউনিয়নের সভাপতি লাকী আক্তারের নেতৃত্বে ৫ সদস্যের একটি প্রতিনিধিদল সচিবালয়ে গিয়ে এ স্মারকলিপি প্রদান করে।